



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-  
বাংলা নগর, ঢাকা-১২০৭  
প্রশাসন বিভাগ  
www.btrc.gov.bd



নম্বর: ১৪.৩২.০০০০.৪০০.১৮.০০১.১৭.১৭৪৪

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

সরকারের সকল কার্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার করে ইলেক্ট্রনিক পদ্ধতিতে নথি ব্যবস্থাপনা নিশ্চিত করার মাধ্যমে পেপারলেস অফিস সিস্টেম বাস্তবায়ন করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে সচিবালয় নির্দেশমালা- ২০২৪ এর নির্দেশনায় ডি-নথি ব্যবহারের স্পষ্ট নির্দেশনা দেওয়া হয়েছে।

তবে সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কমিশনের বিভিন্ন বিভাগ/শাখা হতে কিছু কিছু বিষয় প্রচলিত নথির (হার্ড ফাইল) মাধ্যমে উপস্থাপন করা হচ্ছে অর্থাৎ সরকারের নির্দেশনা মোতাবেক সকল কার্য ডি-নথিতে সম্পন্নের জন্য বলা হলেও কার্যত: তার পূর্ণ প্রতিফলন দেখা যাচ্ছে না।

এমতাবস্থায়, কমিশনের সকল কার্যাদি/ইস্যু বাধ্যতামূলকভাবে ডি-নথির মাধ্যমে শতভাগ (১০০%) কার্য সম্পাদনসহ নিম্নোক্ত বিষয়গুলো প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(ক) কোন যৌক্তিক কারণ ব্যতীত প্রচলিত নথিতে (হার্ড ফাইল) কোন বিষয় উপস্থাপন করা যাবে না। হার্ড ফাইলে কোন বিষয় উপস্থাপন করার প্রয়োজন হলে, তার কারণ নথিতে উল্লেখ করতে হবে।

(খ) কোন যৌক্তিক কারণ ব্যতীত কমিশনের এক বিভাগ/শাখা হতে অন্য বিভাগ/শাখায় নথি প্রেরণ করা যাবে না। এক্ষেত্রে ইউ.ও. নোট বা পত্র প্রেরণ করতে হবে। কোন বিশেষ কারণে অন্য বিভাগ/শাখায় নথি প্রেরণ করার প্রয়োজন হলে, তার কারণ নথিতে উল্লেখ করতে হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৩-১১-২০২৪

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,  
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস  
পরিচালক

নম্বর: ১৪.৩২.০০০০.৪০০.১৮.০০১.১৭.১৭৪৪/১ (৩)

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কর্মকর্তা/কর্মচারী (সকল), বিটিআরসি।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি

(মহোদয়গণের সদয় অবগতির জন্য)।

৩। মহাপরিচালক মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি (মহোদয়গণের সদয় অবগতির জন্য)।



১৪-১১-২০২৪

মোঃ রেজাউল করিম

উপ সহকারী পরিচালক